

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯. ১১ ১১ ১১

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

জনাব মোঃ সাইফুল আলম
প্লট-৫, রোড-২, ব্লক-এসডব্লিউ(এইচ)
গুলশান-১, ঢাকা-১২১২।
ফোন-০১৯৪১৭১৮৮৫৫।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

- সূত্রঃ (১) আবেদন নথি নং- ২০৮৬ (গুলশান), এলই(পিএডভি)-৮১, তারিখ-১১/০১/২০১৮ ইং।
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.২৭৯, তারিখ-২৭/০২/২০১৮ ইং।
(৩) ১৫/০৩/২০১৮ ইং তারিখের পে-অর্ডার নং-১৫৫৮৩১০ (এফএসআইবি লিঃ) টাকা = ২৭,৩০০/-
(৪) ১৫/০৩/২০১৮ ইং তারিখের পে-অর্ডার নং-১৫৫৮৩১১ (এফএসআইবি লিঃ) টাকা = ৩৫,৪৫,৫৯৪/-
(৫) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.১৪৯২, তারিখ-১৪/১০/২০১৮ ইং।
(৬) ২৭/১১/২০১৮ ইং তারিখের পে-অর্ডার নং-১৫৬০৪০৫ (এফএসআইবি লিঃ) টাকা = ৪৬,৮০০/-
(৭) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.১৭৯৫, তারিখ-১০/১২/২০১৮ ইং।
(৮) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১১০১, তারিখ-১৮/০৮/২০১৯ ইং।
(৯) ২৮/০৮/২০১৯ তারিখের পে-অর্ডার নং-১৭৪৬১৩৩ (এফএসআইবি লিঃ) টাকা = ৩৫,১০০/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্লট-৫, রোড-২, ব্লক-এসডব্লিউ(এইচ), গুলশান-১, ঢাকা-১২১২ স্থাপনার জন্য ৭৮০ (সাতশত আশি) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে মার্চ-২০২০ সাল পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি এবং শর্ত সাপেক্ষে ওভারহেড লাইন হতে অনূর্ধ্ব ৫০০ (পাঁচশত) কিঃওঃ লোডের ছাড়পত্র প্রদান করা হলোঃ-

শর্তসমূহঃ

- ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- বিদ্যুৎ চাহিদা ৫০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লাস্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (গুলশান) বরাবর আবেদন করতে হবে।
- বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- সংযোগ গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- পূর্ণাঙ্গ ৭৮০ কিঃওঃ লোডের সংযোগ গ্রহণের পূর্বে RMU স্থাপনের জন্য প্রধান সড়কের পার্শ্বে ১৫'x১২' ক্ষেত্রফলের একটি কক্ষ সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিওবি বিভাগের নিকট বাস্তবে হস্তান্তর এবং উক্ত কক্ষে ডেসকো কর্তৃপক্ষের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।
- পূর্ণাঙ্গ ৭৮০ কিঃওঃ লোডের সংযোগ গ্রহণের জন্য অবকাঠামো নির্মাণের লক্ষ্যে অতিসত্তর ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য রাজউক/সিটি কর্পোরেশন/সংশ্লিষ্ট সংস্থা হতে রাস্তা খননের প্রয়োজনীয় অনুমোদন নিজ ব্যয়ে ও নিজ স্বায়িত্বে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা করতে হবে।
- ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- বেসরকারী টিণ্ডি চ্যানেলের সম্প্রচার কার্যক্রম শুরু করার বিষয়টি বিবেচনায় নিয়ে ওভারহেড লাইন হতে সাময়িকভাবে অনূর্ধ্ব ৫০০ (পাঁচশত) কিঃওঃ লোড ব্যবহার করা যাবে। ভূগর্ভস্থ অবকাঠামো নির্মাণ সম্পন্ন হলে পূর্ণাঙ্গ লোড ব্যবহার করা যাবে।
- উক্ত ছাড়পত্র মার্চ-২০২০ সাল পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএডভি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

- প্রধান প্রকৌশলী (পিএডভি), ডেসকো।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএডভি অপারেশন, ইস্ট জোন-১।
- নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (গুলশান)।
- অফিস কপি।